## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা চৈত্র বুধবার ১৩৬৬ ইংরাজী 16th Mar. 1960 { ৪২শ সংখ্যা






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা চৈত্র বুধবার সন ১৩৬৬ সাল।

# বাসের অযোগ্য স্থান

—•—

ইংরাজের সভ্যতার মাল মসলা আমদানীর আগে ভারত যখন নিজের সুবিধামত নিজের দেশ নিজেই শাসন করিত তখনকার পণ্ডিত নামধারী টিকিয়াল ব্রাহ্মণেরা বলিতেন—

"তত্র মিত্র ন বস্তব্যং যত্র নাস্তি চতুষ্টয়ম্।
ঋণদাতা চ বৈদ্যশ্চ শ্রোত্রিয়ঃ সজলা নদী ॥"

অর্থ—যেখানে অভাবের সময় ঋণদান করে এমন উত্তমর্ণ নাই, রোগ হইলে চিকিৎসার জন্য বৈদ্য নাই, বেদজ্ঞ শ্রোত্রিয় ব্রাহ্মণ নাই, এবং স্নান, পান ও কৃষিকার্য্যের জন্য সজলা নদী নাই সে স্থান বাসের অযোগ্য।

ইংরাজ রাজত্বে ইংরাজের বেতনভোগী শাসক ঋষি বঙ্কিমচন্দ্র যে "বন্দেমাতরম্" গান রচনা করিয়াছিলেন, তাহা বর্ত্তমানে ভারতের জাতীয় সঙ্গীত বলিয়া গৃহীত হইলেও ইহার "সপ্তকোটি মিলিত কণ্ঠে" এই শব্দে নিঃসন্দেহে বোঝা যায় গানটি "বঙ্গমাতাকে" বন্দনা করার জন্য রচিত হইয়াছিল।

আজ ভারত স্বাধীনতা লাভ করিয়া যে দশায় উপনীত হইয়াছে তাহা সুদশা কি দুর্দ্দশা তাহা সকলেই অনুভব করিতেছেন। (১) ঋণের জন্য আজ ভারত সরকার বিদেশীদের দ্বারে দ্বারে ঋণ প্রার্থনা করিয়া ফিরিতেছেন। এখনও কত যে ঋণ তার দরকার তাহা জানা যায় নাই।

(২) বৈদ্য—ইঁহাদের জীবিকাই ছিল ব্যাধি চিকিৎসা করা। ইংরেজ রাজত্বে ইঁহাদের চিকিৎসা নৈপুণ্যে নাম করা বড় বড় ডাক্তারগণও চমৎকৃত হইয়া ভারতীয় আয়ুর্ব্বেদ শাস্ত্রের বিধি ব্যবস্থা আদরের সঙ্গে গ্রহণ করিয়াছেন। বড় বড় সহরে বিশেষ করিয়া কলিকাতায় মেডিকেল কলেজে চিকিৎসার সুনাম সারা ভারতে পরিব্যাপ্ত হইয়াছিল। ইংরাজ কলিকাতাতেই রাজধানী স্থাপন করায় এই মেডিক্যাল কলেজের চিকিৎসালয়ে ভারতের বিভিন্ন অংশ হইতে কত সাংঘাতিক ব্যাধিগ্রস্ত লোক পুনর্জীবন লাভ করিয়া দেশে ফিরিয়া গিয়াছে তাহার ইয়ত্তা নাই। আজ স্বাধীন ভারতের পশ্চিম বাংলার রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী শুধু ভারত নয় সমস্ত এসিয়া এমন কি অন্যান্য মহাদেশে তাঁহার নাম পরিচিত। আজ সেই মরা মানুষ বাঁচান মেডিক্যাল কলেজ এবং অন্যান্য সমস্ত মেডিক্যাল প্রতিষ্ঠানগুলির অবস্থা আলোচিত হইয়াছে বিধান মণ্ডলীতে। যে সব সমালোচনা ও মন্তব্য হইয়াছে তাহা কলিকাতার সুবিখ্যাত সংবাদ-পত্র হইতে উদ্ধৃত করিয়া দিলাম। বিতর্কে একজন কংগ্রেস-সদস্য দেশের হাসপাতালসমূহ ও জনস্বাস্থ্য বিভাগের স্থাপিত সংস্থাগুলির অবস্থা দেখিয়া স্বাস্থ্যমন্ত্রী এবং হেলথ্ সার্ভিসের ডিরেক্টর ও জয়েণ্ট ডিরেক্টরের পদত্যাগ পর্য্যন্ত দাবি করিয়াছেন। ইহা হইতে মনে হইবে যে, উক্ত দুইটি বিভাগের পরিচালনার মধ্যে মারাত্মক রকম গলদ প্রবেশ করিয়াছে। আইনসভার বাহিরে থাকিয়া দর্শক হিসাবে আমরা যাহা প্রত্যক্ষ করিতেছি, তাহা হইতেও চিকিৎসা ও পাব্লিক হেলথ্ বিভাগের পরিচালনা ক্ষেত্রে চূড়ান্তরূপ গলদের প্রমাণ পাওয়া যাইতেছে। গত আট দশ বৎসরকাল ধরিয়া এই রাজ্যের হাসপাতাল-গুলির বিরুদ্ধে বহুপ্রকার অভিযোগ সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে। পশ্চিম বঙ্গের হাসপাতাল-গুলির বিরুদ্ধে হাসপাতালে প্রেরিত রোগীর দীর্ঘকাল ধরিয়া উপেক্ষার জন্য মৃত্যু, রোগীর জন্য প্রেরিত ঔষধ ফল ইত্যাদি চুরি, রোগীর জন্য প্রদত্ত রক্ত কালোবাজারে বিক্রয়, রোগী দেখিতে গিয়া রোগীর আত্মীয়স্বজনের লাঞ্ছনা, হাসপাতালের উপেক্ষার জন্য ফুটপাথে গর্ভিণীর সন্তানপ্রসব, হাসপাতালে সন্তান বদল ইত্যাদি কত যে মারাত্মক অভিযোগ হইয়াছে ও হইতেছে তাহার ইয়ত্তা নাই। অন্য দেশে এই ধরণের অভিযোগ উত্থাপিত হইলে তাহা লইয়া সমগ্র দেশে একটা আলোড়ন হইত এবং সঙ্গে সঙ্গে উহার প্রতিকার না হইলে হয় স্বাস্থ্যমন্ত্রীর পদচ্যুতি ঘটিত না হয় মন্ত্রীসভার পতন হইত। কিন্তু এদেশে সকলই সম্ভব। এই সব অভিযোগ সত্ত্বেও বৎসরের পর বৎসর ধরিয়া আইনসভার মাধ্যমে শিক্ষা ও জনস্বাস্থ্য-বিভাগের ব্যয়বরাদ্দ মঞ্জুর হইতেছে। এই সব অভিযোগের একটা নিরপেক্ষ তদন্ত পর্য্যন্ত হইতেছে না। এখন রোগের চিকিৎসার্থে আসিয়া কত ( Rogue রোগ—দুর্বৃত্তের ) অত্যাচার নীরবে সহ্য করিতে হয়।

---

# দিল্লীতে হোলী উৎসব

## প্রধান মন্ত্রী

# পণ্ডিত নেহরুর নৃত্য !

—•—

বহু লোক প্রধান মন্ত্রীর ভবনে দেখা করিতে গিয়া আবীর কুঙ্কুম তাঁহার শ্রীঅঙ্গে দিয়া ধন্য হইয়াছিলেন। একজন নর্ত্তক তাঁহার চরণে ঘুঙুর পরাইয়া দিয়া তাঁহার হস্ত ধারণ-পূর্ব্বক কিছুক্ষণ নাচাইয়াছিলেন। বলিতেও কষ্ট হয়—হোলীর পর দিন সোমবার সুপ্রিম কোর্টে বাংলার হতভাগ্য বেরুবাড়ীর অদৃষ্ট পণ্ডিতজী শেষ পর্য্যন্ত সুপ্রিম কোর্টে দোলে চড়াইয়াছিলেন। সুপ্রিম কোর্টের বিচারকবৃন্দ পণ্ডিতজীর দানকে বে-আইনী বলিয়া তিনি যে নাচন নাচিতে নারাজ ছিলেন সেই নাচন নাচাইয়াছেন। বাংলার লিগ্যাল রিমেমব্রান্সার শ্রী কে. কে. হাজারা যে মত দিয়া পশ্চিম বাংলার বিধান মণ্ডলীকে পরামর্শ দিয়াছিলেন। সুপ্রিম কোর্ট বিচারকগণ সমস্বরে সেই রায় দিয়াছেন। রায় শুনিয়া মুখ্য মন্ত্রী রায় বিধান সভায় পুনরায় আনন্দ প্রকাশ করিয়াছেন। আমরা তাঁহার আওয়াজে আওয়াজ মিলাইয়া বলি হোলী হায়! হোলী হায়! HOLY High! HOLY High! HOLY ( পবিত্র ) HIGH ( উচ্চ )।

---

## অন্ধ ছেলেমেয়েদের

৫—১১ বৎসর বয়স আধুনিক বাল্য শিক্ষা ও প্রাথমিক শিক্ষা দেওয়া হয়। উত্তর প্রদেশের শিক্ষা দপ্তরের নিয়মানুসারে হিন্দী ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হয়। ইংরাজী বাধ্যতামূলক। বিনা খরচেই সকল ব্যবস্থা করা হয়। ফরমের জন্য আবেদন করুন। প্রিন্সিপ্যাল, মডেল স্কুল ফর ব্লাইণ্ড চিলড্রেন ২৩০, রাজপুর রোড দেরাদুন।

'মহকুমা প্রচার সংস্থা'

## চাউল-কল শিল্প ( নিয়মিত করণ ) আইন অনুসারে লাইসেন্স

চাউল-কল শিল্প ( নিয়মিত করণ ) আইন, ১৯৫৮, অনুসারে লাইসেন্স সমূহ প্রায় সমুদয় ক্ষেত্রেই ১৯৬০ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত বৈধ থাকিবে। চাউল-কল ও ধানভানাকলের যে সকল মালিকের ঐরূপ লাইসেন্স আছে তাঁহাদের চলতি মাসের মধ্যে নির্দ্ধারিত ফরমে উহা পুনর্নবীকরণের আবেদন করিতে হইবে। ঐরূপ আবেদনের সহিত বর্ত্তমান লাইসেন্স এবং পুনর্নবীকরণ, ফি বাবদ ২ টাকার ট্রেজারী চালান প্রদান করিতে হইবে। এ আর সি পি এবং ডেপুটি এ আর সি পি-র অফিস হইতে আবেদনের ফরম পাওয়া যাইবে।

—প্রেসনোট

## খাদ্যশস্য লাইসেন্সের পুনর্নবীকরণ

চাউল এবং/কিংবা ধান্যের পাইকারী ব্যবসায়ের জন্য ফরম বি (১) এ লাইসেন্সধারী সকল ব্যক্তিকে ১৯৬০ সালের ৯ই মার্চ হইতে ৩১শে মার্চ্চের মধ্যে অবশ্যই লাইসেন্স পুনর্নবীকরণের দরখাস্ত করিতে হইবে। উহার সহিত বর্ত্তমান লাইসেন্স এবং নন্‌জুডিসিয়াল ষ্ট্যাম্পে ১, পুনর্নবীকরণ ফি প্রদান করিতে হইবে। এই সকল দরখাস্তের জন্য কোন নির্দিষ্ট ফরম না থাকায় সেগুলি সাদা কাগজে করিতে হইবে।

—প্রেসনোট

## ভোটার তালিকা

নিম্নলিখিত প্রকাশ্য স্থানে জনসাধারণের পরীক্ষার্থে ১৯৬০ সালের ৩০ ফরক্কা এবং ৩২ জঙ্গিপুর এসেম্ব্লীর নির্ব্বাচনী তালিকা, ১লা মার্চ্চ হইতে ৩১শে মার্চ্চ পর্য্যন্ত ঝোলান থাকিবে। তা' ছাড়া উহার সংশ্লিষ্ট অংশ যথাক্রমে ইউনিয়ন বোর্ড ও পৌর প্রতিষ্ঠানের অফিসেও ঝোলান থাকিবে। কাহারও আপত্তি থাকিলে সংশোধনকারী অফিসারের নিকট পেশ করিতে হইবে।

৩০ ফরাক্কা প্রকাশের স্থান ধুলিয়ান পৌর প্রতিষ্ঠান সংশোধনকারী অফিসার (১) বি. ডি. ও. ফরাক্কা ( ফরাক্কা অঞ্চলের জন্য ) (২) বি. ডি. ও. সামসেরগঞ্জ ( ১+৩ ইউনিয়নগুলি ধুলিয়ান মিউনিসিপ্যালিটি সমেত। ) ৩২ জঙ্গিপুর প্রকাশের স্থান এস. ডি. ও. অফিস জঙ্গিপুর সংশোধনকারী অফিসার (১) সারকেল অফিসার জঙ্গিপুর (সাউথ) ( রঘুনাথগঞ্জ থানার জন্য ) (২) বি. ডি. ও. সাগরদীঘি ( সাগরদীঘি থানার জন্য )

## বদলী

জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় হুগলী জেলার আরামবাগ মহকুমায় বদলী হইয়া গিয়াছেন। তিনি মহকুমার নানাবিধ জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। মহকুমার বহু স্থানের জনগণ তাঁহাকে বিদায় অভিনন্দন জ্ঞাপন করেন।

## জঙ্গিপুরে চিনি

পূর্ব্বে যখন চিনির রেশন হয় তখন মিষ্টান্ন ব্যবসায়ী ও চা-বিক্রেতাগণকে চিনির পারমিট দেওয়ার ব্যবস্থা হইয়াছিল। এবারে উক্ত ব্যবসায়ীদের চিনি দেওয়া হয় নাই। শোনা যাইতেছে যে স্থানীয় ডিলারগণ চিনি লয়েন নাই বলিয়া ফেব্রুয়ারী মাসের রামনগর সুগার মিলের ২৮৪ বস্তা চিনি বাতিল হইয়া গিয়াছে। জঙ্গিপুরের মহকুমা নিয়ামক মহাশয় পল্লীগ্রামের রেশন কার্ডে মাথা পিছু এক ছটাক হিসাবে চিনি দেওয়ার ব্যবস্থা করিয়াছেন।

## জখমী ইলেকট্রিক খুঁটি

বিগত ২৩শে নভেম্বর, ১৯৫৯ রঘুনাথগঞ্জ চাউল-পটীর মোড়ে ২১/১ নং ইলেকট্রিক খুঁটিতে একখানি মোটর ট্রাক ধাক্কা দেওয়ায় খুঁটিটা জখম হইয়াছে। কালবৈশাখী আগতপ্রায়। প্রচণ্ড ঝড়ে যে কোন মুহূর্ত্তে খুঁটিটা ভাঙ্গিয়া যাইতে পারে। স্থানীয় কর্ত্তৃপক্ষ এ বিষয়ে কোন ব্যবস্থা না করায় আমরা ঊর্দ্ধতন কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

### পরলোকে

## আচার্য্য ক্ষিতিমোহন সেন শাস্ত্রী

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব উপাচার্য্য ও শান্তিনিকেতনে কবি-গুরু রবীন্দ্রনাথের অন্তরঙ্গ সহকর্মী আচার্য্য ক্ষিতিমোহন সেন শাস্ত্রী মহাশয় ২৮শে ফাল্গুন শনিবার প্রত্যুষে ৪টার সময়ে বর্দ্ধমান শহরে নশ্বরদেহ ত্যাগ করিয়া অমরলোকে মহাপ্রয়াণ করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৮২ বৎসর।

## বিজ্ঞপ্তি

এই জেলার সমসেরগঞ্জ থানার অন্তর্গত ধুলিয়ান গাঁজা, নবগ্রাম থানার অন্তর্গত নবগ্রাম গাঁজা ও দেশী মদ, খরগ্রাম থানার অন্তর্গত খরগ্রাম দেশী মদ এবং বরঞা থানার অন্তর্গত পাঁচথুপী আফিম্ দোকান বন্দোবস্ত করার জন্য ৬০ ( বার আনা ) মূল্যের কোর্টফি সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তে দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে। ইংরাজী ৩১।৩।৬০ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

স্বাক্ষর আর, কে, বিশ্বাস

কালেক্টর পক্ষে অন্তঃশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৷৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।